03 SEP 2016

তারিখ 03 AUG 2016
পৃষ্ঠা ৩ কলাম ১

দৈনিক
ইত্তেফাক

# বেশি মূল্যে বই বিক্রির অভিযোগে জরিমানা

■ ইত্তেফাক রিপোর্ট

নির্ধারিত মূল্যের বেশি মূল্যে পাঠ্যবই বিক্রির অভিযোগে পুরান ঢাকার লক্ষ্মীবাজারের পুঁথি নিলয় পুস্তক প্রকাশক ও বিক্রেতা প্রতিষ্ঠানকে ২০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। গত বৃহস্পতিবার ঢাকা জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট শিবলী সাদিক ও আমর্ড পুলিশ ব্যাটালিয়নের সহকারী পুলিশ সুপার সাইদুর রহমান এ অভিযান চালান। আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট জানান, পুঁথি নিলয় ৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণির বই নির্ধারিত মূল্যের অতিরিক্ত দামে পাইকারি বিক্রি হচ্ছে। প্রতিটি বইয়ের গায়ে অতিরিক্ত মূল্য সংযোজন করা হয়েছে। যা ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯-এর ৩৪ ধারার অপরাধ। এই প্রতিষ্ঠানের গোডাউনের ব্যবস্থাপক শ্যামল পাল (৪০) অপরাধ স্বীকার করলে ভ্রাম্যমাণ আদালত তাকে ২০ হাজার টাকা জরিমানা করেন।